# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলাদেশ ও বিশ্বপরিচয়** বিষয় কোড : ১ ৫ ০

**সৃজনশীল প্রশ্ন**

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ তিথি বাবার সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল দেখে এসেছে। তার বাবা বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় এই হলটিতে ছিলেন। তিথি বাবাকে প্রশ্ন করে জহুরুল হক কে? বাবা বলেন, তিনি একজন জাতীয় নেতা। বাংলাদেশের স্বাধীনতা অর্জনের জন্য প্রচলিত একটি আন্দোলনে তিনি আত্মত্যাগ করেছিলেন। তার সম্মানে তার নামে এই হলটির নামকরণ করা হয়।

ক. ১৯৬২ সালে আইয়ুব খানের প্রস্তাবিত শাসনতন্ত্রের বিরুদ্ধে কারা প্রতিবাদমুখর হয়ে ওঠে? ১

খ. পাকিস্তানের সামরিক শাসন জারি হওয়ার কারণ বর্ণনা করো। ২

গ. তিথির বাবা কোন আন্দোলনটির কথা বলেছেন? এর সাথে ৬ দফা আন্দোলনের সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আলোচিত আন্দোলনে শহিদ সার্জেন্ট জহুরুল হকের অবদান পর্যালোচনা করো। ৪

**২.** ▶ জামান সাহেব কোথায় কোথায় গাছপালা জন্মায় না তা পরীক্ষা করার জন্য আলো বাতাসহীন একটি বক্সের মধ্যে কয়েকটি বীজ বপন করল। ১ মাস পরে খুলে দেখে সেখানে কোনো গাছের অস্তিত্ব নেই। তিনি তার শিক্ষককে জিজ্ঞেস করলে তিনি তাকে বিষয়টি ভালোভাবে বুঝিয়ে দেন এবং বলেন অনেক গ্রহে বিভিন্ন কারণে জীব জন্মায় না।

ক. সূর্য থেকে দূরত্বের দিক দিয়ে পৃথিবীর পরেই কোন গ্রহের স্থান? ১

খ. গ্রহাণুপুঞ্জ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে যে গ্রহে জীব বসবাসের উপযোগী তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে করো, উদ্দীপকের কারণগুলো ছাড়া আরও অনেক কারণে বিভিন্ন গ্রহে জীব জন্মায় না? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

৩.▶ মারুফ মনে করে, নদী ভাঙনের কারণে অনেক মানুষ ঘর বাড়ি ছাড়া হয়, পাশাপাশি কৃষিতে পানির শূন্যতা দেখা দেয়। এছাড়াও অতিমাত্রায় জমিতে সার দিলে জমির যেমন ক্ষতি হয় তেমনি ক্ষতি হয় জীববৈচিত্র্যের। এজন্য মারুফ পানি ব্যবস্থাপনা বিষয়ে জনসাধারণ ও সরকারের যৌথ কার্যক্রম গ্রহণে সমস্যা সমাধানের ইঙ্গিত করে।

ক. জলবিদ্যুৎ কী? ১

খ. 'অর্থনৈতিক কর্মকাণ্ডে নদীর গুরুত্ব অপরিসীম'-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে নদীমাতৃক অঞ্চলের নদী ভাঙার বিষয়ে আলোকপাত করো। ৩

ঘ. তুমি কি মনে করো, উদ্দীপকের আলোকে পানি ব্যবস্থাপনার আরও কিছু পদক্ষেপ নিতে হবে? মতামত দাও। ৪

৪.▶ মিশু বাংলাদেশে জন্মগ্রহণ করেছে। তার মা-বাবাও বাংলাদেশি। সে এখানে উচ্চ শিক্ষা গ্রহণ করে এখানেই ভালো চাকরি করতে আগ্রহী। সে মনে করে, আমাদের সবার উচিত দেশের আইন কানুন মেনে চলা এবং দেশের জন্য ভালো কিছু করার চেষ্টা করা, অথচ আমরা অনেকেই তা করি না। কিন্তু দেশের সুযোগ-সুবিধা আমরা সবাই ঠিকমতোই ভোগ করি।

ক. রাষ্ট্রগঠনের মূল উপাদান কয়টি? ১

খ. সার্বভৌমিকতা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে পাঠ্যবইয়ের যে ধারণার মিল রয়েছে তার ব্যাখ্যা করো। ৩

ঘ. মিশুর রয়েছে বাংলাদেশের প্রতি অনেক দায়িত্ব ও কর্তব্য-পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

৫. ▶ বড় আশা করে চৈতিদের এলাকার জনগণ বিপুল ভোটের ব্যবধানে একজন সংসদ সদস্য নির্বাচিত করেছিলেন। জনগণ ভেবেছিল তাদের এলাকার উন্নয়নে এ সংসদ সদস্য ব্যাপক ভূমিকা পালন করবে। কিন্তু সে আশায় গুড়ে বালি। মাননীয় সংসদ সদস্য নির্বাচিত হয়ে আর এলাকার মানুষের খবর রাখেননি। তাই এবার এলাকার জনগণ সিদ্ধান্ত নিল তারা তাকে আর নির্বাচনে ভোট দিবে না।

ক. গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয় কোথায়? ১

খ. গণতন্ত্রের ধারণা ব্যাখ্যা করো। ২

গ. চৈতিদের এলাকার শাসনব্যবস্থার সাথে নির্বাচনের সম্পর্ক ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বলা যায়, জনগণই সকল ক্ষমতার উৎস-বিশ্লেষণ করো। ৪

৬. ▶ সিরাজ একজন ক্ষুদ্র চাষি। তার পরিবারের সব সদস্যই কৃষিকাজের সাথে জড়িত। কিন্তু এ বছর সময়মত বৃষ্টি না হওয়ায় তার জমির ফসল নষ্ট হয়ে গেছে। ফলে পরিবার পরিজন নিয়ে সে খুব দুর্দশার মধ্যে পড়েছে।

ক. অনুন্নত দেশে কী ধরনের শিল্পের প্রাধান্য দেখা যায়? ১

খ. প্রাকৃতিক সম্পদের অপূর্ণ ব্যবহার বলতে কী বোঝ? ২

গ. সিরাজের পরিবারের দুর্দশার কারণটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা কি এদের একমাত্র সমস্যা? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ শীলার বাবা একজন কূটনৈতিক। সে গত দশ বছরে বাবার সাথে তিনটি দেশে অবস্থান করেছে। সর্বশেষ যে দেশে অবস্থান করেছিল সে দেশটির মানুষের জন্য তার দুঃখবোধ হয়। কারণ দেশটিতে খাদ্য, বস্ত্র, বাসস্থান এমনকি শিক্ষা, চিকিৎসারও অভাব রয়েছে। দেশটির মানুষ পুরোপুরি কৃষি পেশার ওপর নির্ভরশীল। শীলার বাবা মাঝে মধ্যে নিজ খরচে সেখানকার অনেক ছাত্র-ছাত্রীকেই বই পুস্তক কিনে দিতেন।

ক. বাংলাদেশকে কোন ধরনের দুর্যোগের দেশ বলা হয়? ১

খ. বাংলাদেশের অর্থনৈতিক অনগ্রসরতার জন্য সুশাসনের অভাব ও দুর্নীতি

Teachingbd.com

একটি অন্যতম কারণ- ব্যাখ্যা করো। ২

গ. শীলা সর্বশেষ যে দেশে অবস্থান করেছিল উন্নয়নের মাত্রার ভিত্তিতে এ ধরনের দেশের ব্যাখ্যা প্রদান করো। ৩

ঘ. উক্ত দেশটির মতো অন্যান্য দেশের বৈশিষ্ট্যগুলো প্রমাণ করে দেশটি অনুন্নত- পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৮.** ▶ বাবুল ও পলাশ দু'ভাই। তারা পূর্বে গ্রামে কৃষিকাজ করত। বর্তমানে শহরে এসে গার্মেন্টিস ফ্যাক্টরিতে কাজ করে। তারা যে শহরে এখন কাজ করে সেখানে নতুন নতুন অনেক শিল্পকারখানা গড়ে উঠেছে। পাশাপাশি শহরটি বৃদ্ধি পাচ্ছে। যতই কলকারখানা ও শহর বৃদ্ধি পাচ্ছে ততই মানুষের মানসিকতা, মূল্যবোধ, জীবন দর্শনের পরিবর্তন ঘটছে।

ক. বন্যা কী ধরনের দুর্যোগ? ১

খ. প্রযুক্তির অবদানে সমাজের পরিবর্তন হয়- বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের শহরে যে কারণে মানুষের মূল্যবোধ, জীবন দর্শনের পরিবর্তন ঘটছে তার ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শহরে শিল্পায়নের ফলে অপরাধ প্রবণতা বাড়তে পারে- বিশ্লেষণ করো। ৪

**৯.** ▶ বরকত আলীর এলাকায় গত কয়েকদিন আগে সবার সামনে একজন নিরপরাধ মানুষকে কয়েকজন বখাটে মিলে আক্রমণ করল অথচ তাদের কেউ বাধা দিল না। এছাড়া এলাকার যুবকরা তাদের ছোটদের স্নেহ ও বড়দের মতামতের প্রতি কোনো সম্মান প্রদর্শন করে না। এমনকি এলাকার কোনো দরিদ্র লোক সাহায্য চাইলে কেউ সাড়া দেয় না।

ক. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপকে কী বলা হয়? ১

খ. সামাজিক সমস্যা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের সাথে সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের ধারণার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. এই ধরনের সমাজে বিভিন্ন সামাজিক সমস্যা দিন দিন বেড়ে যায়- উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০

১. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছাত্র হত্যার প্রতিবাদে রচিত প্রথম কবিতা কোনটি?
ⓚ কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি
ⓛ স্মৃতির মিনার
ⓜ আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ শে ফেব্রুয়ারি
ⓝ আরেক ফাল্গুন

২. ১৯৫৬ সালের সংবিধান বাতিল করেন কে?
ⓚ আইয়ুব খান ⓛ ইয়াহিয়া খান
ⓜ ইস্কান্দার মীর্জা ⓝ গোলাম মোহাম্মদ

৩. বাংলাদেশের সংবিধান গণপরিষদে গৃহীত হয় কবে?
ⓚ ১২ অক্টোবর ১৯৭২ ⓛ ৪ নভেম্বর ১৯৭২
ⓜ ২৫ মার্চ ১৯৭২ ⓝ ১৬ ডিসেম্বর ১৯৭২

৪. বাংলাদেশের গ্রামীণ সমাজকাঠামোর বিশেষ বৈশিষ্ট্য-
i. একক পরিবার কাঠামো
ii. যৌথ পরিবার কাঠামো
iii. কৃষিভিত্তিক অর্থনীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৫. বর্ধিত পরিবার কয় পুরুষে আবদ্ধ?
ⓚ এক ⓛ দুই
ⓜ তিন ⓝ চার

৬. বায়ুমণ্ডলে নাইট্রোজেন রয়েছে-
i. পৃথিবীতে
ii. শনিতে
iii. মঙ্গলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৭. নেপালের জলবায়ুতে কয়টি ঋতু পরিলক্ষিত হয়?
ⓚ ২টি ⓛ ৩টি
ⓜ ৪টি ⓝ ৬টি

৮. জোয়ার ভাটার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব রয়েছে-
i. স্থলভাগের ওপর
ii. জলভাগের ওপর
iii. বায়ুমণ্ডলের ওপর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৯. দ্রাঘিমা সর্বোচ্চ কত ডিগ্রি?
ⓚ ৯০° ⓛ ১৮০°
ⓜ ২৭০° ⓝ ৩৬০°

১০. মেঘনার শাখানদী হলো-
i. মুন ii. চিত্রা
iii. গোমতী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

১১. লালমাই পাহাড়ের গড় উচ্চতা কত?
ⓚ ১৫ মিটার ⓛ ২১ মিটার
ⓜ ২৭ মিটার ⓝ ৩০ মিটার

১২. তিস্তা ব্যারেজটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে-
i. পানি সংরক্ষণে
ii. পানি নিষ্কাশনে
iii. বন্যা প্রতিরোধে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

১৩. মৌলিক অধিকারসমূহ কখন স্থগিত থাকে?
ⓚ জরুরি অবস্থায়
ⓛ ১৪৪ ধারা জারি থাকলে
ⓜ মহামারি চলাকালে
ⓝ নির্বাচন চলাকালে

১৪. ব্রিটেনের অধিকাংশ আইনের উৎস কী?
ⓚ ধর্ম ⓛ প্রথা
ⓜ বিজ্ঞানসম্মত আলোচনা ⓝ ন্যায়বোধ

১৫. কার অনুমোদন ও কর্তৃত্ব ব্যতীত কোনো প্রকার ব্যয় করা যায় না?
ⓚ প্রধানমন্ত্রীর ⓛ স্পিকারের
ⓜ অর্থমন্ত্রীর ⓝ সংসদের

১৬. গণতন্ত্র এমন এক সরকার ব্যবস্থা যেখানে-
i. সুষ্ঠু নির্বাচন ব্যবস্থা রয়েছে
ii. সবার ভোটাধিকার রয়েছে
iii. জনগণের সরকার গঠনের ক্ষমতা রয়েছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

১৭. একটি দেশের ন্যায় বিচারের মানদণ্ড কোনটি?
ⓚ বিচার ব্যবস্থা ⓛ আইন ব্যবস্থা
ⓜ শাসন ব্যবস্থা ⓝ নির্বাহী ব্যবস্থা

১৮. অধিকাংশ মুসলিম রাষ্ট্রের আইনসভার নাম কী?
ⓚ পার্লামেন্ট ⓛ কংগ্রেস
ⓜ জাতীয় সংসদ ⓝ মজলিশ

১৯. রাজনৈতিক দলের বৈশিষ্ট্য হলো-
i. ক্ষমতা অর্জন ii. সংগঠন
iii. কর্মসূচি প্রদান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

২০. গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয় কোথায়?
ⓚ লন্ডনে ⓛ এথেন্সে
ⓜ টোকিওতে ⓝ রোমে

**অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
আমিন সাহেব ক্লাসে তার ছাত্রদের পড়াচ্ছেন, যুদ্ধ কখনো জাতিতে জাতিতে সংকট নিরসনের পথ হতে পারে না। যুদ্ধ ডেকে আনে ভয়ংকর ধ্বংসলীলা এবং মানবজাতির জন্য অবর্ণনীয় দুর্ভোগ ও অশান্তি। প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত।

Teachingbd.com

২১. আমিন সাহেব যে যুদ্ধের দৃষ্টান্ত দেন তা কোন শতাব্দীতে সংঘটিত হয়?
ⓚ অষ্টাদশ　ⓚh উনবিংশ
ⓖ বিংশ　ⓖh একবিংশ

২২. উক্ত যুদ্ধগুলোর প্রেক্ষিতে শান্তি প্রতিষ্ঠায় গড়ে ওঠে-
i. লীগ অব নেশনস　ii. জাতিসংঘ
iii. কমনওয়েলথ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

২৩. ১৯৪৩ সালে তেহরান ও মস্কোতে কয়টি প্রধান শক্তির সম্মেলন অনুষ্ঠিত হয়?
ⓚ ৩টি　ⓚh ৪টি
ⓖ ৫টি　ⓖh ৮টি

২৪. ২০১৫ সালের মধ্যে বাংলাদেশে UNDP মিলেনিয়াম উন্নয়ন লক্ষ্যমাত্রা কয়টি?
ⓚ দুইটি　ⓚh তিনটি
ⓖ পাঁচটি　ⓖh আটটি

২৫. প্রকৃত অর্থে কোনো বস্তু বা দ্রব্যকে সম্পদ বলতে হলে তার কয়টি গুণ থাকা জরুরি?
ⓚ ৩টি　ⓚh ৪টি
ⓖ ৫টি　ⓖh ৬টি

**অনুচ্ছেদটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
করিম আরব আমিরাতে থাকে, কিন্তু তার পরিবার থাকে বাংলাদেশে। সে ঐ জায়গার ব্যবসাকৃত আয় দেশে পাঠায় পরিবারের জন্য।

২৬. করিমের আয় অন্তর্ভুক্ত হবে-
i. মোট জাতীয় আয়ে
ii. মোট জাতীয় উৎপাদনে
iii. মোট দেশজ উৎপাদনে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

২৭. করিম বিদেশে কাজ করছে, এর দ্বারা দেশে কী সুবিধা হচ্ছে?
ⓚ জনসংখ্যা হ্রাস পাচ্ছে
ⓚh দেশের জনশক্তি রপ্তানি হচ্ছে
ⓖ শিল্পের প্রসার হচ্ছে
ⓖh কর্মসংস্থান হ্রাস পাচ্ছে

২৮. শিল্পায়নের জন্য প্রথম ও প্রধান প্রয়োজন কোনটি?
ⓚ বিনিয়োগ　ⓚh শিল্প ঋণ
ⓖ পুঁজি
ⓖh রাজনৈতিক স্থিতিশীলতা

২৯. মোট জাতীয় উৎপাদনের উপাদান-
i. শ্রম　ii. ঋণ
iii. মূলধন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

৩০. ২০১২-২০১৩ অর্থবছরের চলতি মূল্যে বাংলাদেশে মাথাপিছু জাতীয় আয় কত ডলার?
ⓚ ১০০০ ডলার　ⓚh ৭২৩ ডলার
ⓖ ৫২৮ ডলার　ⓖh ৯২৩ ডলার

৩১. অবাধ প্রতিযোগিতা কোন অর্থ ব্যবস্থার বৈশিষ্ট্য?
ⓚ ধনতান্ত্রিক　ⓚh সমাজতান্ত্রিক
ⓖ মিশ্র　ⓖh ইসলামি

৩২. খাজনা, মজুরি, সুদ ও মুনাফা উপাদানসমূহের মধ্যে সুষ্ঠু ও যথাযথ বণ্টিত হলে-
i. অর্থনৈতিক কার্যক্রমে গতি আসে
ii. অর্থনৈতিক কল্যাণ সাধিত হয়
iii. সমাজে অস্থিরতা ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

৩৩. বাংলাদেশ ব্যাংকের কাজ হলো-
i. সরকারকে ঋণ প্রদান
ii. আর্থিক সংকটকালে বাণিজ্যিক ব্যাংককে ঋণ প্রদান
iii. ব্যবসা করার জন্য ঋণ প্রদান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

৩৪. বাংলাদেশ সরকারের আয়ের উৎসগুলোকে কত ভাগে ভাগ করা যায়?
ⓚ দুই ভাগে　ⓚh তিন ভাগে
ⓖ চার ভাগে　ⓖh পাঁচ ভাগে

৩৫. সামাজিক পরিবর্তন বলতে বোঝায়-
i. সমাজকাঠামোর পরিবর্তন
ii. সামাজিক কার্যাবলির পরিবর্তন
iii. সামাজিক মৌল ও উপরি কাঠামোর পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

৩৬. সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান কোনটি?
ⓚ প্রযুক্তি　ⓚh শিক্ষা
ⓖ যোগাযোগ　ⓖh শিল্পায়ন

৩৭. যৌথ পরিবার ভাঙনের কারণ কী?
ⓚ পারিবারিক বিশৃঙ্খলা　ⓚh কলহ বৃদ্ধি
ⓖ নারী শিক্ষা　ⓖh শিল্পায়ন

৩৮. সমাজে নারীর প্রতি সহিংসতার কারণ হলো-
i. দারিদ্র্য
ii. সামাজিক বিশৃঙ্খলা
iii. সামাজিক কুপ্রথা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

৩৯. শহরাঞ্চলে বস্তি সৃষ্টির জন্য কোনটি দায়ী?
ⓚ টর্নেডো　ⓚh নদীভাঙন
ⓖ বন্যা　ⓖh জলোচ্ছ্বাস

৪০. অধিকাংশ দুর্ঘটনা ঘটে-
i. অদক্ষ চালকের কারণে
ii. যানজটের কারণে
iii. প্রশিক্ষণবিহীন চালকের কারণে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh ii ও iii
ⓖ i ও iii　ⓖh i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ |
| ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com